৫ আগস্ট, ২০২৫

# ২০২৬ সালের ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন: প্রধান উপদেষ্টা ড.মুহাম্মদ ইউনূস



প্রধান উপদেষ্টা ড.মুহাম্মদ ইউনূস: সংগৃহীত ছবি

আগামী ২০২৬ সালের ফেব্রুয়ারিতেই ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। মঙ্গলবার (৫ আগস্ট) রাতে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি জানান, নির্বাচন কমিশনকে চিঠি দিয়ে রমজানের আগেই নির্বাচন আয়োজনের অনুরোধ জানানো হবে।

২০২৬ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হতে যাচ্ছে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। মঙ্গলবার (৫ আগস্ট) রাত ৮টার পর জাতির উদ্দেশে দেওয়া ভাষণে এই নির্বাচন-সংক্রান্ত বার্তা দেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস।

তিনি বলেন, “অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে আমি প্রধান নির্বাচন কমিশনারের কাছে একটি চিঠি পাঠাবো যাতে তিনি আগামী রমজানের আগেই জাতীয় নির্বাচন আয়োজনের প্রস্তুতি গ্রহণ করেন।”

আবহাওয়া ও চাঁদ দেখার ওপর নির্ভর করে আগামী বছরের ১৭ ফেব্রুয়ারি পবিত্র রমজান শুরু হতে পারে। সেই অনুযায়ী, নির্বাচনটি ফেব্রুয়ারির প্রথমার্ধেই অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

প্রধান উপদেষ্টার এই ঘোষণার মধ্য দিয়ে নির্বাচনী প্রক্রিয়া ঘিরে রাজনৈতিক অঙ্গনে গতি সঞ্চার হয়েছে। বিস্তারিত কর্মপরিকল্পনা ও নির্বাচন কমিশনের আনুষ্ঠানিক ঘোষণা এখন কেবল সময়ের অপেক্ষা

LENS ASIA